গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং ৩২.০১.০০০০.০১৩.২৪০.১৫-১৩৫ তারিখ : ২৮/ ৬ /২০১৫ খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

বিষয় ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় উপকারভোগীদের সচেতনতামূলক ও আয়বর্ধক কর্মকান্ড বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিজিএমই ও বিকেএমইএ এবং স্থানীয়ভাবে জেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি/সিবিও সমূহের নিকট হতে আবেদনপত্র আহবান।

ঢাকা, নারায়নগঞ্জ, গাজীপুর এবং চট্টগ্রাম এলাকায় বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান সমূহের নির্বাচিত উপকারভোগীদের এবং দেশের ৬৪টি জেলা সদরস্থ পৌরসভা/সিটিকর্পোরেশন ও সাভার পৌরসভার আওতায় দুই বছরের জন্য নির্বাচিত উপকারভোগীদেরকে মাথাপিছু মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা করে ভাতা প্রদানের পাশাপাশি সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। নির্বাচিত উপকারভোগী মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টি সংক্রান্ত বিষয়ে সচেতনতামূলক ও আর্থ-সামাজিক উন্নয়নে আয়বর্ধক কর্মকান্ড (IGA) বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিজিএমইএ ও বিকেএমইএ এর নিকট হতে এবং ৬৪টি জেলাসদরস্থ সিটিকর্পোরেশন/পৌরসভায় এবং সাভার পৌরসভার আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত মহিলা সমিতি/সিবিও সমূহের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বিজিএমইএ ও বিকেএমইএ এর ক্ষেত্রে নিম্নোক্ত ১ হতে ৯ পর্যন্ত শর্ত প্রযোজ্য নয়।

১. মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধন এবং হালনাগাদ নবায়ন বাধ্যতামূলক।
২. ২০১১-২০১২, ২০১২-২০১৩ এবং ২০১৩-২০১৪ তিনবছরের অডিট রির্পোট থাকতে হবে (সরকার অনুমোদিত প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক প্রদত্ত)।
৩. Bank-Solvency Cerfificate দাখিল করতে হবে।
৪. কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি, ভিজিডি ও মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিতে কাজের অভিজ্ঞতাকে প্রাধান্য দেয়া হবে।
৫. ২০১৩-২০১৪ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে অনুদান প্রাপ্তির বিষয়টি বিবেচনায় আনা হবে।
৬. আবেদনকৃত এনজিও'র জেলাসদরস্থ সিটিকর্পোরেশন/পৌরসভায় চলমান কার্যক্রম, অফিস সেট-আপসহ অভিজ্ঞ ও দক্ষ কর্মী বাহিনী কর্মরত থাকতে হবে এবং এইরূপ এনজিও/সিবিও কে অগ্রাধিকার দেয়া হবে।
৭. মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টি সম্পর্কিত এবং ক্ষুদ্র ঋণ (মাইক্রোক্রেডিট রেগিউল্যাটারি অথরিটি (এমআরএ) এবং পিকেএসএফ এর সনদ প্রাপ্ত সমিতি অগ্রাধিকার পাবে) কর্মকান্ডের বিষয়টি বিবেচনায় আনা হবে।
৮. জেলা সদরস্থ পৌরসভার/সিটিকর্পোরেশন এলাকায় বাস্তবায়িত কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল র্কসূচি'র প্রশিক্ষণ কাজের জন্য ঐ জেলায় নিবন্ধনসহ সংশ্লিষ্ট পৌরসভা/সিটিকর্পোরেশন এলাকায় নিজস্ব রেজিষ্টার্ড অফিস রয়েছে (রেজিষ্টার্ড অফিস বলতে সমিতির অনুমোদিত গঠনতন্ত্রে উল্লেখিত অফিসের ঠিকানা বুঝাবে) এইরূপ সমিতি আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট পৌরসভা /সিটিকর্পোরেশন এলাকায় রেজিষ্টার্ড অফিস রয়েছে মর্মে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রদত্ত প্রত্যয়নপত্রসহ গঠনতন্ত্রের কপি সত্যায়িত করে আবেদনের সাথে দিতে হবে।
৯. যদি কোনো সিবিও/সমিতি সদর উপজেলার ঠিকানায় রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়ে থাকে, তার গঠনতন্ত্রে উল্লেখিত প্রধান কার্যালয়ের ঠিকানা সংশ্লিষ্ট পৌরসভা/সিটিকর্পোরেশনের বাহিরে থাকে কিন্তু শাখা কার্যালয় পৌরসভা/সিটিকর্পোরেশন এর মধ্যে থাকে এবং তা গঠনতন্ত্রে উল্লেখ থাকে তাহলে এইরূপ সিবিও/সমিতিও আবেদন করতে পারবে। তবে শাখা কার্যালয় গঠণতন্ত্রের উল্লেখ অনুযায়ী সংশ্লিষ্ট পৌরসভার মধ্যে অবস্থিত এই সংক্রান্ত জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নসহ গঠণতন্ত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।
১০. মা ও শিশুর পুষ্টি সংক্রান্ত বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রমে দক্ষ সিবিওকে কর্মসূচির নীতিমালা ও গাইডলাইন অনুযায়ী মাসে কমপক্ষে দুই দিন তিন ঘন্টা করে অথবা কর্তৃপক্ষের নির্ধারিত সময়ানুযায়ী প্রশিক্ষণ দিতে হবে। তাছাড়াও কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও অন্যান্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে।
১১. উপকারভোগী নির্বাচন এবং ভাতা বিতরণে কর্তৃপক্ষের নিদের্শনা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
১২. চুক্তিমোতাবেক এনজিওর কার্যক্রম সন্তোষজনক হলেই সেবামূল্য প্রদান করা হবে। সন্তোষজনক কাজের মানদন্ড চুক্তিপত্রে উল্লেখ থাকবে।
১৩. প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই অন্তে চুড়ান্ত নির্বাচিত সিবিও/সমিতি-কে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে ৩০০/-(তিনশত) টাকার মূল্যমানের নন-জুডিশিয়াল স্টাম্পের উপর কর্তৃপক্ষের নির্ধারিত শর্তের আলোকে লিখিত চুক্তি সম্পাদন করতে হবে। সরকারি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রাথমিকভাবে এ চুক্তির মেয়াদ ৩০-জুন/২০১৬ পর্যন্ত বলবৎ থাকবে। চুক্তিবদ্ধ সমিতির সন্তোষজনক কার্যক্রমের ভিত্তিতে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজন অনুযায়ী চুক্তি নবায়ন হতে পারে।
১৪. চুক্তিবদ্ধ সিবিও/সমিতি এবং বিজিএমইএ ও বিকেএমইএ কে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতি উপকরভোগীর জন্য ১ (এক) বছরে বর্তমানে প্রচলিত ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে বা সরকার নির্ধারিত হারে সেবামূল্য (সার্ভিস চার্জ) বাবদ অর্থ সরকারি নিয়ম অনুযায়ী আর্থিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ভ্যাট/ট্যাক্স কর্তন পূর্বক প্রদান করা হবে। চুক্তিতে উল্লেখিত তারিখ থেকে সেবামূল্য বাবদ অর্থ প্রদান করা হবে।

উপরি-উল্লেখিত শর্তাদিতে বর্ণিত কার্যক্রমের সংশ্লিষ্টতার প্রমান স্বরূপ আবেদন পত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কার্মকর্তর ( নামাম্কিত সীলসহ) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। আগ্রহী সিবিও/এনজিও সমুহকে আগামী ২২/০৭/২০১৫ তারিখের মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয় ৩য় তলায় ৩০১ নম্বর কক্ষে, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা থেকে ৫০০/-(পাঁচশত ) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদন ফরম অফিস চলাকালিন সময়ে সংগ্রহ এবং আবেদনপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২২/০৭/২০১৫ বিকাল ৩:০০টা পর্যন্ত। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো বা সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। যদি কোনো জেলায় উপরোক্ত কর্মসূচি পরিচালনার জন্য কোনো আবেদনপত্র না পাওয়া যায় অথবা আবেদনকৃত সমিতিসমুহের মধ্যে উপযুক্ত সমিতি না পাওয়া যায় সেক্ষেত্রে পার্শ্ববর্তী জেলায় কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির জন্য নির্বাচিত সমিতিসমুহের মধ্য থেকে নিয়োগ দেয়া হবে।

২৮/৬/১৫

( সাহিন আহ্মেদ চৌধুরী )
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর